

## **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫২০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪. আযানের মধ্যে মুয়াজ্জিনের ঘুরে যাওয়া

# باب فِي الْمُؤَذِّنِ يَسْتَدِيرُ فِي أَذَانِهِ

#### আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا قَيْسٌ يَعْنِي ابْنَ الرَّبِيعِ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ الأَنْبَارِيُّ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ سُفْيَانَ، جَمِيعًا عَنْ عَوْنِ بْنِ أَبِي جُحَيْفَة، عَنْ أَبِيهِ، قَالَ الْأَنْبَارِيُّ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ سُفْيَانَ، جَمِيعًا عَنْ عَوْنِ بْنِ أَبِي جُحَيْفَة، عَنْ أَبِيهِ، قَالَ أَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم بِمَكَّةَ وَهُوَ فِي قُبَّةٍ حَمْرَاءَ مِنْ أَدَمٍ فَخَرَجَ بِلَالٌ فَأَذَّنَ فَكُنْتُ أَتَتَبَّعُ فَمَهُ هَا هُنَا وَهَا هُنَا . قَالَ ثُمَّ خَرَجَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَعَلَيْهِ حُلَّةً حَمْرَاءُ بُرُودٌ يَمَانِيَةٌ قِطْرِيُّ .

\_ صحيح : م ، خ مختصراً

#### বাংলা

৫২০। 'আওন ইবনু আবূ জুহায়ফাহ হতে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি মক্কাহতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসলাম। তিনি তখন লাল চামড়ার তৈরী ছোট তাঁবুতে অবস্থান করছিলেন। এমন সময় বিলাল বের হয়ে এসে আযান দিলেন। আযানের সময় আমি তার মুখের দিকে লক্ষ্য করছিলাম যে, তিনি এদিক ওদিক মুখ ঘুরাচ্ছিলেন। বর্ণনাকারী বলেন, অতঃপর রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গায়ে ডোরাকাটা চাদর জড়িয়ে বেরিয়ে এলেন।[1]

সহীহ: মুসলিম, বুখারী সংক্ষেপে।

وَقَالَ مُوسَى قَالَ رَأَيْتُ بِلَالاً خَرَجَ إِلَى الأَبْطَحِ فَأَذَّنَ فَلَمَّا بَلَغَ حَىَّ عَلَى الصَّلَاةِ حَىَّ عَلَى الْفَلَاحِ . لَوَى عُنُقَهُ يَمِينًا وَشِمَالاً وَلَمْ يَسْتَدرْ ثُمَّ دَخَلَ فَأَخْرَجَ الْعَنَزَةَ وَسَاقَ حَديثَهُ .

منکر .

বর্ণনাকারী মূসা বলেন, আবু জুহায়ফাহ (রাঃ) বলেন, আমি দেখলাম, বিলাল (রাঃ) 'আবত্বাহ' নামক স্থানে গিয়ে



আযান দিলেন। তিনি 'হাইয়্যা 'আলাস্-সলাহ, হাইয়্যা 'আলাল-ফালাহ' পর্যন্ত পৌঁছলে স্বীয় ঘাড় ডানে-বামে ঘুরালেন, তবে শরীর ঘুরাননি। অতঃপর তাঁবুতে প্রবেশ করে একটি বর্শা (বা ছড়ি) বের করলেন। .. এরপর বর্ণনাকারী মূসা হাদীসটি শেষ পর্যন্ত বর্ণনা করেন।

মুনকার।

## **English**

### Abu Juhaifah reported:

I came to the prophet (ﷺ) at Mecca; he was sitting in a tent made of leather. Then Bilal came out and called to prayer. I looked at his mouth following him this side and that side (i.e., right and left). Later at his Messenger of Allah (ﷺ) came out clad in a red suit, i.e, wearing the sheets of the Yemen, of the Qatri design. The version narrated by Musa has the word; "I saw Bilal going towards al-Abtah".

He then made a call to prayer. When he reached the words "come to prayer, come to salvation". He turned his neck right and left, respectively; he did not turn himself (with his whole body). He then entered (his house) and came out with a lancet. The narrator then reported the rest of the tradition.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ আযান, অনুঃ মুয়াজ্জিন (আযানের সময়) ডানে বামে মুখ ফিরাবেন এবং এদিক সেদিক তাকাবেন কি? হাঃ ৬৩৪), মুসলিম (অধ্যায়ঃ সালাত, অনুঃ মুসল্লীর সুতরাহ) উভয়ে ওয়াকী সূত্রে।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আওন ইবনু আবৃ জুহাইফাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন